সংবাদ।

তারিখ ২৭/৮/৮১ ... ...
পৃষ্ঠা... ... ... কলাম... ... ...

১০৯

ঢাকা বিশ্ববিদ্যালয়

# আজ থেকে ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষা শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮১ সালের ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষা ২৭শে আগষ্ট থেকে শুরু হবে। পরীক্ষার্থীর সংখ্যা সর্বমোট ২৫,৫০০। পরীক্ষার্থীর সংখ্যা গত বছরের তুলনায় এবছর ৩০০০ বৃদ্ধি পেয়েছে। সর্বমোট ২৫,৫০০ পরীক্ষার্থীর মধ্যে ১৪,৯৫০ জন বি, এ, ৬,০২৫জন বি,এস-সি এবং ৪,৫২৫ জন বি কম; পরীক্ষায় অংশ গ্রহণ করবে। গত বছরের ন্যায় এবারও মোট ৩৭টি পরীক্ষাকেন্দ্র রয়েছে।

ঢাকা শহরের ৭টি পরীক্ষা কেন্দ্র থেকে ৯,৬৮০ জন পরীক্ষার্থী ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণ করবে। বিশ্ববিদ্যালয়ের বিধি অনুসারে পরীক্ষা গ্রহণ পরিচালিত হচ্ছে কিনা এবং পরীক্ষাকার্য তদন্ত করার নিমিত্ত ঢাকা শহরের জন্য একটি পরিদর্শক দল গঠন করা হয়েছে। তদুপরি জগন্নাথ কলেজ ও শহীদ সোহরাওয়ার্দী কলেজ পরীক্ষা কেন্দ্রে বিশ্ববিদ্যালয় কর্তৃক বিশেষ পরিদর্শক নিয়োগ করা হয়েছে।

ঢাকা ডিগ্রী পরীক্ষা কেন্দ্রসমূহের সুপারভাইজিং অফিসার ঢাকার ডেপুটি কমিশনার আইন ও শৃঙ্খলা রক্ষার্থে ডিগ্রী পরীক্ষা কেন্দ্রসমূহে ম্যাজিষ্ট্রেট নিয়োজিত করেছেন।

ডিগ্রী পরীক্ষা পরিচালনার মানের সমতা রক্ষার্থে ১৯৮২ সন থেকে এই বিশ্ববিদ্যালয়ের অধীনে মহকুমা পর্যায়ের নিম্নে কোন পরীক্ষা কেন্দ্র থাকবে না। খবর প্রেস বিজ্ঞপ্তির।